
বিসমিল্লাহির রাহমানির রাহিম






এসএজিসি হাউসে

# স্বাগত

শহিদ বীর-উত্তম লে. আনোয়ার গার্লস কলেজ
ঢাকা সেনানিবাস, ঢাকা

শহিদ বীর-উত্তম লে. আনোয়ার গার্লস কলেজ একটি ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান। শিক্ষাদানের পাশাপাশি ছাত্রীদের সুকুমার বৃত্তির সুশৃঙ্খল ও নান্দনিক প্রকাশে এই প্রতিষ্ঠানের ছাত্রীদের ১৯৯৬ সালে প্রথম ৪টি হাউসে বিভক্ত করা হয় এবং ৪ জন মহীয়সী নারীর নামে ৪টি হাউসের নামকরণ করা হয়।



রাবেয়া বসরী হাউস

Rabia Basri House



নওয়াব ফয়জুন্নেসা হাউস

Nawab Faizunnesa House



বেগম রোকেয়া হাউস

Begum Rokeya House

প্রত্যেক ছাত্রী কোনো না কোনো হাউসের অন্তর্ভুক্ত।



শামসুন নাহার মাহমুদ হাউস

Shamsun Nahar Mahmud House

# ছাত্রীদের হাউসের অন্তর্ভুক্ত করার লক্ষ্য ও উদ্দেশ্য:

১) চার হাউসে সমানুপাতিকহারে অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানের সকল ছাত্রীকে একাডেমিক শিক্ষার পাশাপাশি সহশিক্ষাক্রম কার্যক্রমে অংশগ্রহণ করানোর মাধ্যমে ছাত্রীদের সুকুমার বৃত্তির স্ফূরণ ঘটানো।

২) আন্তহাউস বিভিন্ন প্রতিযোগিতা যথা: বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা, আন্তহাউস দেয়াল পত্রিকা প্রতিযোগিতা, বিভিন্ন টুর্নামেন্ট ও আন্তহাউস সাংস্কৃতিক সপ্তাহ উপলক্ষ্যে আয়োজিত প্রতিযোগিতায় অংশগ্রহণে উদ্বুদ্ধ করা এবং প্রতিযোগিতার ফলাফলের ভিত্তিতে হাউসের চ্যাম্পিয়ন, রানার আপ, ৩য় ও ৪র্থ অবস্থান নির্ধারণ।

৩) প্রতিযোগিতায় নিজ হাউসকে সর্বাগ্রে রাখার জন্য ছাত্রীদের মাঝে উদ্দীপনা সঞ্চার।

৪) যে চার মহীয়সীর নামে হাউসের নামকরণ করা হয়েছে তাদের সম্পর্কে ছাত্রীদের অবহিত করা এবং তাদের মহতী চিন্তা-চেতনাকে ছাত্রীদের মাঝে জাগ্রত করে নৈতিকভাবে বলীয়ান করা।


৫) যোগ্যতার ভিত্তিতে হাউস ক্যাপ্টেন, কো-হাউস ক্যাপ্টেন ও হাউস রিপ্রেজেন্টেটিভ নির্বাচনের মাধ্যমে তাদেরকে ভবিষ্যতের নেতৃত্ব দানে সক্ষম করে গড়ে তোলা

৬) বোর্ড পরীক্ষার ফলাফল হাউসভিত্তিকভাবে প্রস্তুত করে হাউসভিত্তিক একাডেমিক অবস্থান সনাক্ত করা।


৭) সর্বোপরি হাউসভিত্তিক কার্যক্রমের মধ্য দিয়ে শিক্ষার্থীর শারীরিক ও মানসিক বিকাশ সাধন ও তাদেরকে দক্ষ মানবসম্পদ রূপে গড়ে তোলা।

হাউসভিত্তিক কার্যক্রমকে একটি সুসংগঠিত ও সুসংহত রূপদানের জন্য সম্মাননীয় অধ্যক্ষ মহোদয় কর্নেল মোঃ মোজাহিদুল ইসলাম, পিএসসি. জি- এর সার্বিক নির্দেশনায় প্রথমবারের মত রচিত হয়েছে

## “হাউস সংক্রান্ত প্রতিবেদন”


হাউস সংক্রান্ত প্রতিবেদন





(ক) রাবেয়া বসরী - Rabeya Bashri
(খ) নওয়াব ফয়জুন্নেসা - Nawab Fayjunnesa
(গ) বেগম রোকেয়া - Begum Rokeya
(ঘ) শামসুন নাহার মাহমুদ - Shamsun Nahar Mahmud

# প্রথমবারের মত তালিকাবদ্ধ হয়েছে

## স্কুল ২০২১ এবং কলেজ ২০২০-২১ শিক্ষাবর্ষের হাউসভিত্তিক ছাত্রীদের পরিসংখ্যান:

Shaheed Bir Uttam Lt. Anwar Girls' College
Dhaka Cantonment

### Database of In-house students' Statistics - 2021

College, School (Morning Shift - BV & EV) and School (Day Shift)

| Wings | Class | Total Students | Rabeya Bashri | Nawab Fayjunnesa | Begum Rokeya | Shamsun Nahar Mahmud | Remarks |
|---|---|---|---|---|---|---|---|
| College | XI | 997 | 254 | 252 | 244 | 247 | |
| School (Morning Shift) | B.V (Nursery - Ten) | 2379 | 596 | 551 | 677 | 555 | |
| | E.V (Nursery - Ten) | 1385 | 359 | 311 | 372 | 343 | |
| School (Day Shift) | Nursery - Ten | 3239 | 815 | 748 | 901 | 775 | |
| | Grand Total: | 8000 | 2024 | 1862 | 2194 | 1920 | |

- *N.B.* SSC & HSC Candidates are not included.
- Prepared by the Housemasters:
  1. Shahana Shajada
  2. Mahmuda Akhter
  3. Ishrat Fatema
  4. Khodaja Akter

২০২২ শিক্ষাবর্ষ থেকে ক্লাসটিউনে শাখাভিত্তিক সকল ছাত্রীর হাউস যুক্ত করা হয়েছে। এখন থেকে হাউসভিত্তিক ছাত্রীর পরিসংখ্যান ক্লাসটিউন থেকে সহজে পাওয়া যাবে।

## *প্রথমবারের মতো নির্ধারিত হয়েছে সেরা হাউস নির্বাচনের মেট্রিক্স-*

**২টি ক্যাটাগরিতে সেরা হাউস ঘোষণা করা হবে। যথা:**

**ক্যাটাগরি-১ (একাডেমিক ফলাফলের ভিত্তিতে সেরা হাউস):**
জেএসসি, এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নির্ধারিত পয়েন্ট অনুসারে চ্যাম্পিয়ন ও রানার আপ হাউস নির্বাচন করা হবে এবং ১৬ ডিসেম্বর বিজয় দিবসের অনুষ্ঠানে ট্রফি দেয়া হবে।

**ক্যাটাগরি-২ (হাউসভিত্তিক প্রতিযোগিতাসমূহের ফলাফলের ভিত্তিতে সেরা হাউস) :**
বছরব্যাপী অনুষ্ঠিত হাউসভিত্তিক বিভিন্ন প্রতিযোগিতাসমূহের ফলাফলের ভিত্তিতে প্রাপ্ত পয়েন্টের সমন্বয়ে চার হাউসের অবস্থান সনাক্তপূর্বক চ্যাম্পিয়ন ও রানার আপ হাউস নির্বাচন করা হবে এবং আন্তঃহাউস বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার অনুষ্ঠানে এই ট্রফি দেয়া হবে।

***২০২২ সালে ম্যাট্রিক্স অনুসারে দুই ক্যাটাগরিতে সেরা হাউস নির্বাচনের প্রক্রিয়া বাস্তবায়নের পথে।***

## অধ্যক্ষ মহোদয় ও উপধ্যক্ষবৃন্দের দিক নির্দেশনায় ছাত্রীদের সাথে সম্পৃক্ততা বজায় রেখে হাউস কার্যক্রম পরিচালনার জন্য প্রতিটি হাউসে রয়েছে:

**১) হাউস মাস্টার (কলেজ) ও কো-হাউস মাস্টার (স্কুল):** প্রতি হাউসের দায়িত্বে নিয়োজিত রয়েছেন ১ জন হাউস মাস্টার ও ৩ জন কো-হাউস মাস্টার:

**দায়িত্ব:**

* ছাত্রীদেরকে হাউস কার্যক্রম সম্পর্কে অবহিত করা এবং প্রতিযোগিতাসমূহে অংশগ্রহণে উদ্বুদ্ধ করা।

* যাদের নামে হাউস তাদের পরিচয় তুলে ধরে ছাত্রীদের সেই মাহীয়সী নারীর চেতনায় দীক্ষিত করা।

**২)হাউস ক্যাপ্টেন ও কো-হাউস ক্যাপ্টেন:** যোগ্যতার ভিত্তিতে ছাত্রীদের মধ্য থেকে নির্বাচিত ও নিম্নোক্ত দায়িত্বে নিয়োজিত :

* হাউসের ছাত্রীদের নেতৃত্বদান করা এবং প্রতিযোগিতাসমূহের বিভিন্ন ইভেন্টের জন্য ছাত্রী সংগ্রহ করা

* হাউস মাস্টার ও কো-হাউস মাস্টারের নির্দেশনা অনুসরণে ছাত্রীদের তাগিদ দেয়া

**৩)হাউস রিপ্রেজেন্টেটিভ:** কলেজ শাখার একাদশ ও দ্বাদশ শ্রেণিতে এবং স্কুল শাখার পঞ্চম-দশম শ্রেণি পর্যন্ত প্রতিটি শাখার ছাত্রীদের মধ্যে থেকে শ্রেণি শিক্ষক কর্তৃক নির্বাচিত ও নিম্নোক্ত দায়িত্বে নিয়োজিত :

* হাউস ক্যাপ্টেন, কো-হাউস ক্যাপ্টেন ও হাউস মাস্টার/কো-হাউস মাস্টারদের সাথে যোগাযোগ রক্ষা করা

* নিজ শাখার প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা।

# বছরব্যাপী অনুষ্ঠিত হাউসভিত্তিক প্রতিযোগিতাসমূহ:

১) আন্তহাউস বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা: [জানুয়ারি/ফেব্রুয়ারি মাসে অনুষ্ঠিত]

২) আন্তহাউস বার্ষিক দেয়াল পত্রিকা প্রতিযোগিতা: [মার্চ মাসে অনুষ্ঠিত]

৩) আন্তহাউস আউটডোর গেমস : [জানুয়ারি]

৪) আন্ত:হাউস ইনডোর গেমস: [জুলাই(স্কুল কর্তৃক) , সেপ্টেম্বরে(কলেজ কর্তৃক) আয়োজিত ]

৫) আন্তহাউস সাংস্কৃতিক সপ্তাহ উপলক্ষ্যে প্রতিযোগিতা: [ফেব্রুয়ারি (স্কুল কর্তৃক) ও অক্টোবরে (কলেজ কর্তৃক) আয়োজিত ]

# বিভিন্ন হাউসে ব্যবহৃত স্যাশে, ব্যাজ, অ্যাপুলেট ও অন্যান্য উপকরণ:



হাউস ক্যাপ্টেন স্যাশ



কো-হাউস ক্যাপ্টেন ব্যাজ



হাউস রিপ্রেজেন্টেটিভ ব্যাজ




হাউস অ্যাপুলেট


হাউস ক্যাপ


হাউস পতাকা


হাউস জার্সি







## বিশেষ কৃতজ্ঞতা

হাউস শিক্ষকদের পক্ষ থেকে স্কুল ও কলেজের উপাধ্যক্ষত্রয়ের প্রতি বিশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করছি । যাঁদের সহৃদয় সাহচর্য, বদান্যতা ও ঔদার্য, অমূল্য পরামর্শ হাউসভিত্তিক কার্যক্রমকে এগিয়ে নেওয়ার ক্ষেত্রে কেবল সহায়ক নয় বরং অনুপ্রেরণারও উৎস।




অধ্যক্ষ

কর্নেল মোঃ মোজাহিদুল ইসলাম, পিএসসি. জি

## শ্রদ্ধাঞ্জলি

শহিদ বীর-উত্তম লে. আনোয়ার গার্লস কলেজের হাউসভিত্তিক কার্যক্রম ও প্রতিযোগিতাসমূহ সুনির্দিষ্ট পন্থায় পরিচালনার স্বপ্নদ্রষ্টা ও পরিকল্পক সম্মাননীয় অধ্যক্ষ মহোদয় কর্নেল মোঃ মোজাহিদুল ইসলাম, পিএসসি. জি-এর প্রতি হাউস শিক্ষকদের পক্ষ থেকে নিবেদন করছি গভীর শ্রদ্ধাঞ্জলি। যাঁর আন্তরিক উদ্যোগ ও উদ্যমে, কর্মনিষ্ঠ সাহচর্যে ও দিক-নির্দেশনায় সকল হাউস মাস্টার ও কো-হাউস মাস্টার নিরলসভাবে কাজ করে চলেছেন।



সকলকে এসএজিসি হাউস
শিক্ষকদের পক্ষ থেকে

**ধন্যবাদ**

**আল্লাহ হাফেজ**